

২০১/৬০৪/১
০২-০২-২০

পশ্চিমবঙ্গ সরকার

তথ্য ও সংস্কৃতি বিভাগ

জেলা তথ্য ও সংস্কৃতি

আধিকারিকের করণ, বাঁকুড়া

ঠিকানা : স্কুলডাঙ্গা, গান্ধীবিচার পরিষদ, বাঁকুড়া, পিন - ৭২২১০১

যোগাযোগ : (০৩২৪২) ২৫১০৭৫

Email : dicobankura2018@gmail.com



Government of West Bengal
Department of Information & Cultural Affairs
Office of the District Information
& Cultural Officer, Bankura

Address : Schooldanga, Gandhi Vihar Parishad
Bankura, Pin - 722101

Phone : (03242) 251075

Email : dicobankura2018@gmail.com

স্মারক সংখ্যা : ১১/১/১০০/জে.ত.সং.আ./বাঁকুড়া,

তারিখ : ০৫/০২/২০২০

Memo No :/DICO/BNK,

Date :/...../20.....

- প্রতি,
১) সভানেত্রী, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বাঁকুড়া,
২) জেলা বিদ্যালয় পরিদর্শক, (মাধ্যমিক), বাঁকুড়া,
৩) জেলা বিদ্যালয় পরিদর্শক, (প্রাথমিক), বাঁকুড়া,

বিষয় : 'বাংলা মোদের গর্ব' - সাংস্কৃতিক প্রতিযোগিতা

মহাশয়/মহাশয়া,

আপনার অবগতির জন্য জানাই যে, বাঁকুড়া জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ইতিপূর্বে অনুষ্ঠিত 'বাংলা মোদের গর্ব' অনুষ্ঠান উপলক্ষে আগামী ১৮ই ও ১৯শে ফেব্রুয়ারী, ২০২০, দুপুর ১২:০০টায় বাঁকুড়া স্কুলডাঙ্গায় অবস্থিত গান্ধী বিচার পরিষদের সভাকক্ষে বাঁকুড়া জেলার অন্তর্গত সমস্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে নানাবিধ সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

সাংস্কৃতিক প্রতিযোগিতাগুলির বিস্তারিত বিবরণ :

তারিখ	প্রতিযোগিতার বিষয়	অংশগ্রহণকারীদের বয়সসীমা	অনুমোদিত কবিতা/গান/বিষয়
১৮ই ফেব্রুয়ারী, ২০২০	একক আবৃত্তি	প্রথম থেকে পঞ্চম শ্রেণী	কোন দেশেতে তরুলতা / বাংলার রূপ আমি দেখিয়াছি / মোরা একই বৃত্তে দুটি কুসুম
১৮ই ফেব্রুয়ারী, ২০২০	প্রশ্নোত্তর (৩ জনের দল)	ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী (প্রতি শ্রেণী থেকে এক জন করে)	মূলত পশ্চিমবঙ্গ এবং সরকারী পরিকাঠামো
১৯শে ফেব্রুয়ারী, ২০২০	সমবেত সঙ্গীত (২ জন যন্ত্রশিল্পীসহ সর্বাধিক ১০ জনের দল)	নবম থেকে দ্বাদশ শ্রেণী	বাংলার মাটি বাংলার জল / ধনধান্য পুষ্পভরা

আগামী ৭ই ফেব্রুয়ারী থেকে ১৪ই ফেব্রুয়ারী, (সরকারী ছুটির দিন বাদে) সকাল ১১:৩০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত প্রতিযোগীদের নাম সম্বলিত চিঠি বাঁকুড়া স্কুলডাঙ্গায় অবস্থিত গান্ধী বিচার পরিষদের চতুর্থ তলে বাঁকুড়া জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরে জমা নেওয়া হবে। প্রতিযোগিতায় নাম জমা দেওয়ার শেষ তারিখ ১৪ই ফেব্রুয়ারী, ২০২০, বিকেল ৪:০০টা।

প্রসঙ্গত জানাই, একক আবৃত্তি আর সমবেত সঙ্গীত প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থানধিকারী প্রতিযোগীরা আগামী ২১শে ফেব্রুয়ারী, ২০২০ বাঁকুড়া জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গান্ধী বিচার পরিষদের সভাকক্ষে আয়োজিত আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানে যথাক্রমে একক আর দলগতভাবে তাদের অনুষ্ঠান পরিবেশন করার সুযোগ পাবেন।

বাঁকুড়া জেলার অন্তর্গত সমস্ত মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয়কে এই বিষয়ে অবহিত করার জন্য আপনাদের নিকট যথাযথ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানানো হল।

আশা করি, আপনাদের সকলের সহযোগিতায় সাংস্কৃতিক প্রতিযোগিতাগুলি সাফল্যমণ্ডিত হবে।

ধন্যবাদসহ,

অ. মিত্র. ৫/২/২০২০
(অরুণাভ মিত্র)

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক
বাঁকুড়া

তারিখ - ০৫/০২/২০২০

স্মারক নং - ৯১/১ (১০০)জে.ত.স.দ./বাঁকুড়া,

অনুলিপি অবগতির জন্য দেওয়া হল :

মাননীয়/মাননীয়

প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা

অ. মিত্র. ৫/২/২০২০
(অরুণাভ মিত্র)

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক
বাঁকুড়া